



-ঃ ফরম পূরণের বিস্তৃতি :-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের এম. ইঞ্জিনিয়ারিং এবং এম.এস-সি ইঞ্জিনিয়ারিং ১ম সেমি/২০২০ পরীক্ষা আগামী ০১/০৮/২০২৩ তারিখ থেকে শুরু হবে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য নিম্নলিখিত তারিখ অনুযায়ী পরীক্ষার্থীগণ অনলাইনে ফরম পূরণ করে উক্ত ফরমের প্রিন্ট আউট নিয়ে বিভাগীয় সভাপতি ও হল প্রাধ্যক্ষের স্বাক্ষরসহ ফরমটি অগ্রণী ব্যাংক রা.বি. শাখায় জমা দিবে এবং স্মার্ট আইডি কার্ড এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করবে। অগ্রণী ব্যাংক পরবর্তী কার্যদিবসে ফরমগুলি পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে পাঠাবে।

অনলাইন লিংক : http://103.79.117.242/ru_services/public/login

ফরম পূরণের তারিখ (জরিমানা ছাড়া) : ১৭/০৭/২০২৩ - ২৪/০৭/২০২৩

ফরম পূরণের তারিখ (জরিমানা সহ) : ২৫/০৭/২০২৩

পরীক্ষার ফি

বিবরণ	স্থিতিকাল ৩ ঘন্টা পর্যন্ত	স্থিতিকাল ৩ ঘন্টার উর্ধ্বে
১। তৃতীয় পরীক্ষার ফি (প্রতি কোর্স)	১০০/- টাকা	১২৫/- টাকা
২। সাপ্লিমেন্টারী/কোর্স উন্নয়ন ফি (প্রতি কোর্স)	১৫০/- টাকা	২০০/- টাকা
৩। ব্যবহারিক পরীক্ষার ফি	৩২৫/- টাকা প্রতি ক্রেডিট	
৪। ক্লাশ টেস্ট পরীক্ষা (প্রতি কোর্স)	৩০/- টাকা	
৫। মৌখিক পরীক্ষা	৭৫/- টাকা	
৬। ননকলেজিয়েট ফি	৫০০/- টাকা	
৭। জরিমানা ফি	৫০/- টাকা	
৮। টাম পেপার/ইনটানশীপ/ ফিল্ড রিপোর্ট/ রিসার্চ প্রজেক্ট ফি	২০০/- টাকা	
৯। থিসিস ফি	২০০/- টাকা	

বিশেষ দৃষ্টব্যঃ

- ১। পরীক্ষার ফরম ঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট দলিলাদির সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব বিভাগীয় সভাপতি ও প্রাধ্যক্ষের।
- ২। পরীক্ষার ফরম পরীক্ষার্থী অনলাইনে নিজে পূরণ করবে। কোন তথ্য ভুল লিখলে অথবা তথ্য না লিখলে সেজন্য পরীক্ষার্থী নিজে দায়ী থাকবে।
- ৩। পরীক্ষার ফরম পূরণের সময় পরীক্ষার্থীকে সর্বশেষ ভর্তি বা পুনঃভর্তির (যদি পুনঃভর্তি হয়) পেন্সীপ, গ্রেডশীট (কোর্স উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য), বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর কর্তৃক প্রদত্ত পূর্বের পরীক্ষার প্রবেশ পত্র ও রেজিঃ কার্ডের সত্যায়িত অনুলিপি সমূহ ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে।
- ৪। পরীক্ষার ফরমের শীর্ষে লম্বা আকারে মোটা হরফে লিখা বিভাগীয় সীল ব্যবহার করতে হবে।
- ৫। কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
- ৬। যে সকল শিক্ষার্থী Course Exemption পাবে তাদের ব্যাংকে টাকা পূর্বের ন্যায় রশিদের সাহায্যে জমা দিতে হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক

রাজশাহী বিশ্ববিদ্যালয়

তারিখঃ-১৯/০৭/২০২৩

মেমো নং- ২৩০৫ (১০)/পঃনিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

১। সভাপতি, ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাণবিঃ

২। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় শাখা, রাণবিঃ

৩। কিউনী এড.....

৪। অফিস নথি

'কামরুজ্জামান' তাং- ১৯/০৭/২০২৩ (৫৩)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, রাণবিঃ